দৈনিক ইনকিলাব

তারিখ JUL 1 8 1999

পৃষ্ঠা ... কলাম ...

27

### ইসলাম প্রচার সংস্থা

## যে কোন মূল্যে দেশে মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্ত প্রতিহত করতে হবে

**প্রেস বিজ্ঞপ্তি** ঃ ইসলাম প্রচার সংস্থা বাংলাদেশের উদ্যোগে গত বৃহস্পতিবার ফটোজার্নালিস্ট এসোসিয়েশন মিলনায়তনে বাংলাদেশ আইম্মাহ পরিষদের সভাপতি মাওলানা মুহিউদ্দিন রাব্বানীর সভাপতিত্বে মাহে রবিউল আওয়াল উপলক্ষে এক আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাওলানা আব্দুর রব ইউসুফী, অন্যান্যের মধ্যে আলোচনা করেন আমরা ঢাকাবাসীর সেক্রেটারী জেনারেল জনাব জামাল নাসের চৌধুরী, জনাব ফরিদ উদ্দিন, প্রচার সংস্থার সেক্রেটারী মওলানা এনামুল হক মুসা মওলানা আতাউল্লাহ আমীন, মওলানা মুজাম্মেল হক, মওলানা হাসান জুনাইদ, মওলানা আজিজুল হক প্রমুখ।

## ২২ জুলাই শিক্ষক সমিতি ফেডারেশনের সভা

**প্রেস বিজ্ঞপ্তি** ঃ শিক্ষক, শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানের সমন্বিত উন্নয়নে ১৫ দফা এবং পাবলিক পরীক্ষায় নকল প্রতিরোধের জন্য ৭ দফা সুপারিশ বাস্তবায়নে কর্মপন্থা নিরূপণের লক্ষ্যে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের জাতীয় প্রতিনিধি সভা আগামী ২২ জুলাই বিকেল ৩টায় ঢাকার ধানমন্ডি গভঃ বয়েজ হাই স্কুলে অনুষ্ঠিত হবে।